

বনগাঁ হাই স্কুলে শিক্ষা বিষয়ক সেমিনার অনুষ্ঠিত



সীমান্ত বাংলা প্রতিবেদন : গত সোমবার রাজ্যের ঐতিহ্যশালী বিদ্যালয় বনগাঁ হাই স্কুলের উদ্যোগে অনুষ্ঠিত হল

‘আন্ডারস্ট্যান্ডিং ইনক্লুসিভ এডুকেশন : আইডিয়াস, পলিটিক্স এণ্ড পেডাগোজি’ শিরোনামের এক শিক্ষা বিষয়ক সেমিনার। সময়োপযোগী এই সেমিনারে প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. পাপিয়া উপাধ্যায়। স্থানীয় ও বহিরাগত বহু শিক্ষা-সচেতন ব্যক্তিবর্গ, শিক্ষক-শিক্ষিকা ও গণ্যমান্য ব্যক্তিবর্গ সেমিনারে উপস্থিত ছিলেন। উপস্থিত ব্যক্তিবর্গ বনগাঁয় এ ধরনের একটি গুরুত্বপূর্ণ সেমিনারের আয়োজন করায় বনগাঁ হাই স্কুলের প্রধান শিক্ষক কুণাল দে ও বিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।